



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন/ ৪১৮/৪

তারিখঃ ১০/০৭/২০১৭খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত থাকা প্রসঙ্গে।

- সূত্রঃ ১) মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ১০৪১৪/২০১৬ এ প্রদত্ত ০৬-০৯-২০১৬খ্রিঃ তারিখের আদেশ।
২) মাও মোঃ একরামুল হক মজুঃ, সুপার (ভারপ্রাপ্ত) এর ০৭/০৫/২০১৭খ্রিঃ তারিখের পুনরায় শুনানীর দিন ধার্যের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসার সুপার জনাব মোঃ আবু ইউসুফ খাঁন মহামান্য হাইকোর্ট বিভাগে "চূড়ান্ত বরখাস্তকরণ আদেশ বাতিল এবং স্ব-পদে পুনর্বহাল" সংক্রান্ত বিষয়ে রিট পিটিশন নং- ১০৪১৪/২০১৬ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট গত ০৬-০৯-২০১৬খ্রিঃ তারিখে জনাব মোঃ আবু ইউসুফ খাঁন কর্তৃক ১৩/০৭/২০১৬খ্রিঃ তারিখে বোর্ডে দাখিলকৃত "চূড়ান্ত বরখাস্তকরণ আদেশ বাতিল এবং স্ব-পদে পুনর্বহাল" সংক্রান্ত আবেদন নিষ্পত্তির জন্য আদেশ প্রদান করেছেন।

২) মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টা ব্যারিস্টার কাজী মঈনুল হাসান এর পরামর্শক্রমে উল্লিখিত বিষয়ে তাদের সুস্পষ্ট লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ স্ব-শরীরে ১৯/০৪/২০১৭খ্রিঃ তারিখে উপস্থিত থাকার জন্য পত্র জারি করা হয়। উক্ত তারিখে মোঃ আবু ইউসুফ খাঁন, বরখাস্তকৃত সুপার উপস্থিত হন কিন্তু ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি উপস্থিত হন নাই, ফলে উপস্থিত না হওয়ায় তাদেরকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে মাও মোঃ একরামুল হক মজুঃ, সুপার (ভারপ্রাপ্ত) অসুস্থ থাকায় উপস্থিত হতে পারেননি মর্মে অবহিত করেন এবং পুনরায় শুনানীর দিন ধার্যের জন্য আবেদন করেন।

বর্ণিত অবস্থায় আগামী ১৮/০৭/২০১৭ খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পুনরায় উপস্থিত থাকার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি, ভারপ্রাপ্ত সুপার ও জনাব মোঃ ইউসুফ খাঁন (বরখাস্তকৃত সুপার)-কে অনুরোধ করা হলো উল্লেখ্য, যদি কোন পক্ষ নির্ধারিত দিনে উপস্থিত হতে ব্যর্থ হন তাহলে বোর্ড কর্তৃপক্ষ একতরফ সিদ্ধান্ত গ্রহণ করতে বাধ্য থাকবে।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১০.৭.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯ ৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসা, নাঙ্গলকোট, কুমিল্লা
২) সুপার (ভারপ্রাপ্ত), দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসা, নাঙ্গলকোট, কুমিল্লা।
৩) জনাব মোঃ আবু ইউসুফ খাঁন, বরখাস্তকৃত সুপার, দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদরাসা, নাঙ্গলকোট, কুমিল্লা।

অনুলিপিঃ

১. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।